



“শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি”

নং-৪৬.১০.০০০০.০২১.৯৯.৫৮৮- ২২৭

তারিখ: ১৪ আষাঢ় ১৪২৮
২৮ জুন ২০২১

অফিস আদেশ

স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর ৫৩(১) অনুচ্ছেদ মোতাবেক রাজস্ব আদায় বৃদ্ধির লক্ষ্যে রাজস্ব ব্যবস্থাপনায় পরামর্শক হিসেবে জনাব মোঃ মোহসীন আলী, অবসরপ্রাপ্ত উপ-প্রধান রাজস্ব কর্মকর্তাকে নিম্নোক্ত শর্তে সম্পৃক্ত করা হলোঃ

শর্তাবলীঃ

- ১। ইহা সম্পূর্ণ অবৈতনিক হিসেবে বিবেচিত হবে।
 - ২। স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ অনুসরণ পূর্বক রাজস্ব বৃদ্ধির লক্ষ্যে মেয়র মহোদয়কে প্রয়োজনীয় পরামর্শ প্রদান পূর্বক প্রতিবেদন প্রদান করবেন। উক্ত কাজের জন্য তিনি ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।
 - ৩। রাজস্ব আয় বৃদ্ধি ত্বরান্বিত করণের লক্ষ্যে উক্ত পরামর্শক কর্তৃক চাহিত এ সংক্রান্ত যে কোন তথ্য সংশ্লিষ্ট কর্মকর্তাগণ (যেমন উপপ্রধান রাজস্ব কর্মকর্তা, রাজস্ব কর্মকর্তা, উপকর কর্মকর্তাগণ) তাঁকে তথ্য সরবরাহ করবেন/ প্রতিবেদন প্রদান করবেন।
 - ৪। প্রযোজ্য ক্ষেত্রে দাপ্তরিক কার্যক্রমের জন্য অফিস কক্ষের (খালি কক্ষ থাকা সাপেক্ষে) ব্যবস্থা করা যাবে।
 - ৫। প্রযোজ্য ক্ষেত্রে অঞ্চলসমূহ পরিদর্শনের সময় যানবাহনের ব্যবস্থা করা যাবে।
 - ৬। ডিএনসিসি'র মেয়র মহোদয়ের অভিপ্রায় অনুযায়ী তিনি এ পদে বহাল থাকবেন।
 - ৭। কোন কারণ না দর্শাইয়া কর্তৃপক্ষ এ সংক্রান্ত আদেশ বাতিল করার সকল অধিকার সংরক্ষণ করেন।
 - ৮। ডিএনসিসি'র রাজস্ব আয় বৃদ্ধির লক্ষ্যে অঞ্চলসমূহ পরিদর্শন/ রিপোর্ট প্রণয়ন/ সভা সেমিনারে অংশ গ্রহণের জন্য তাঁকে Vat ও IT সহ ৩০০০/- (তিন হাজার) টাকা করে (সভায় অংশগ্রহণ/অঞ্চলসমূহ পরিদর্শনের দিনের জন্য) সম্মানি ভাতা প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য ডিএনসিসির কর্পোরেশন সভায় উপস্থাপন করা হবে।
- ২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।


২৮/০৬/২০২১
মোহাম্মদ মাসুদ আলম ছিদ্দিক
সচিব
ফোন-৮৮৩৪৯৩০
secretary@dncc.gov.bd

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। বিভাগীয় প্রধান (সকল)....., ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ২। আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা(সকল)-----, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

- ৩। মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ৪। জনাব
- ৫। কর কর্মকর্তা(সকল)----- ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ৬। প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর স্টাফ অফিসার, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ৭। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল (আদেশটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ৮। অফিস কপি।